# সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ

## কলেজ কোড: ৫৬০১ ( জাতীয় বিশ্ববিদ্যালয় )

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত

# বিজ্ঞপ্তি

## ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

**অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও ডাউনলোডের তারিখ:**
**২৩/১১/২০২৫ থেকে ৩১/১২/২০২৫ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত**

সরকারি তোলারাম কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে অনলাইনে আবেদন ফরম পূরণ করে প্রিন্ট করতে হবে।

- ফরম পূরণের সময় আবেদনকারীকে স্টুডিও থেকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি (120 X 150 Pixels) Scan করে আপলোড করতে হবে। আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা অনলাইন মোবাইল ব্যাংকিং "বিকাশ/রকেট/উপায়" এর মাধ্যমে Bill Pay অপশনে গিয়ে Govt Tolaram College- এর হিসাবে আগামি ২৪/১১/২০২৫ হতে ০৪/০১/২০২৬ তারিখের মধ্যে জমা দিতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি আবেদন ফরম ডাউনলোড করার পর আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা "বিকাশ/রকেট/উপায়" এর মাধ্যমে পেমেন্ট করে পেমেন্ট রিসিট আবেদন ফরমের সাথে সংযুক্ত করে কলেজের মূল ভবনের নিচতলার সাধারণ শাখার মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা গ্রুপের জন্য নির্ধারিত পৃথক পৃথক কাউন্টারে (সরকারি ছুটির দিন ব্যতীত) **অবশ্যই** জমা দিতে হবে।

ভর্তি পরীক্ষা সম্পর্কিত তথ্য ও নির্দেশনা:

ক) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে দিতে হবে। MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় ভুল উত্তরের জন্য কোন নম্বর কর্তন করা হবে না।

**খ) ভর্তি পরীক্ষার নম্বর বন্টন সম্পর্কিত জ্ঞাতব্য**

| উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | বাংলা | ইংরেজি | সাধারণ জ্ঞান | প্রত্যেক শাখার জন্য আলাদাভাবে উচ্চমাধ্যমিক পর্যায়ের বিষয়ভিত্তিক প্রশ্ন | MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার মোট নম্বর | এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA-এর ৪০% (৪র্থ বিষয়সহ) | এইচ.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA-এর ৬০% (৪র্থ বিষয়সহ) | সর্বমোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|
| মানবিক/গার্হস্থ্য অর্থনীতি শাখা | ২০ | ২০ | ২০ | ৪০ | ১০০ (ভর্তি পরীক্ষার পাশ নম্বর হবে ৩৫) | ৪০ | ৬০ | ২০০ |
| বিজ্ঞান শাখা | ২০ | ২০ | ২০ | ৪০ | | | | |
| ব্যবসায় শিক্ষা শাখা | ২০ | ২০ | ২০ | ৪০ | | | | |

গ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে (Admit Card) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে এবং শিক্ষার্থীকে উক্ত কেন্দ্রে উপস্থিত থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ঘ) পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার সময় ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও HSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থী প্রয়োজনে সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে তবে মোবাইল ফোন ও অন্যান্য ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে আনতে পারবে না।

ঙ) পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখে সকাল ১০:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্রে উল্লিখিত কলেজ কেন্দ্রে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

চলমান পৃষ্ঠা নম্বর-২

প্রাথমিক আবেদনের ন্যূনতম যোগ্যতা:

বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে আবেদনের ন্যূনতম যোগ্যতা

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২২/২০২৩ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৪/২০২৫ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| i) | মানবিক শাখা<br>ও<br>ব্যবসায় শিক্ষা শাখা<br>ও<br>বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা | ২.০ | ২.০ | ৪.৫ |
| ii) | বিজ্ঞান শাখা<br>ও<br>বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) শাখা | ২.২৫ | ২.০ | ৪.৭৫ |

ক) আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের মানবিক শাখার আবেদন ফরম পূরণ করতে হবে।

খ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০ থাকতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।

ঘ) স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) কোটায় আবেদনকারীদের কোটার স্বপক্ষে যথাযথ প্রমাণপত্র আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

## ভর্তির প্রাথমিক আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে:

১. অনলাইনে টাকা পরিশোধের মানি রিসিটের কপি।
২. জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন কপি।
৩. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষার প্রবেশপত্র ও নম্বরপত্রের ফটোকপি।

**ভর্তি সংক্রান্ত সকল তথ্য কলেজ ওয়েবসাইট- http://tolaramcollege.edu.bd ও Facebook Page এর 'Tolaram College Online Class' এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) পাওয়া যাবে।**

**বি. দ্র. ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র (ফরমসহ) অবশ্যই কলেজে জমা দিতে হবে। উক্ত কাগজপত্র কলেজে জমা না দিলে ভর্তির আবেদন সম্পন্ন হবে না। কাজেই ভর্তি সংক্রান্ত কোনো জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

২৩/১১/২০২৫

**(প্রফেসর বিমল চন্দ্র দাস)**
**অধ্যক্ষ**
সরকারি তোলারাম কলেজ
নারায়ণগঞ্জ

(প্রফেসর বিমল চন্দ্র দাস)
আইডি নং-১২৫১
অধ্যক্ষ